



তারিখ : ১৯.০৪.২০২১ ইংরেজি

স্মারক : এনএস/নিবা./০১/২০২১

বরাবর

প্রেসিডেন্ট/সেক্রেটারি এন্ড ডিএনই

এপেক্স ক্লাব অব

বিষয় : ন্যাশনাল ভাইস প্রেসিডেন্ট (২০২১) শূন্যপদে নির্বাচন/ মনোনয়ন ।

প্রিয় এপেক্সিয়ান,

আসসালামু আলাইকুম। আপনারা জানেন এপেক্স বাংলাদেশ একটি সাংবিধানিক ও সুশৃঙ্খল সংগঠন। বিধিবদ্ধ নিয়ম ও প্রথা অনুযায়ী এই সংগঠনটি পরিচালিত হয়। এই সংগঠনের দীর্ঘ পথপরিক্রমায় বিভিন্ন সময়ে বিভিন্ন জটিলতা ও সংকট তৈরি হয়েছে এবং তা হতে উত্তরণও ঘটেছে। এপেক্স গঠনতন্ত্র অনুযায়ী সংগঠন পরিচালনায় জাতীয় বোর্ডকে বিধিবদ্ধ নিয়মের আলোকে নিরঙ্কুশ ক্ষমতা দেয়া হলেও সর্বোচ্চ ফোরাম হচ্ছে সারাদেশের ক্লাব ডেলিগেটদের নিয়ে গঠিত কোন জাতীয় সম্মেলন (রেগুলার কনভেনশন / স্পেশাল কনভেনশন)। বিগত ১৯শে মার্চ, ২০২১ ইং কুমিল্লায় অনুষ্ঠিত বিশেষ জাতীয় সম্মেলনে(এপেক্স কনফারেন্স)বেশ কিছু সিদ্ধান্ত গৃহিত হয়েছে :

প্রথমত : কোভিড-১৯ (করোনা) প্রেক্ষিতে এপেক্স বাংলাদেশের সাংবিধানিক বিভিন্ন জটিলতা দূরীকরণে ও বহুবিধ যৌক্তিক কারণে ২০২০ এর ক্লাব বোর্ড, জেলা বোর্ড ও ন্যাশনাল বোর্ডের কার্যবর্ষের মেয়াদ ১ বছর বাড়িয়ে ২০২১ পর্যন্ত ২ বছর মেয়াদী করা এবং শূন্যপদ পূরণের মাধ্যমে জাতীয়বোর্ড পুনঃগঠন করা ।

দ্বিতীয়ত: ২০১৯ সালে এপেক্স বাংলাদেশের আর্থিক খাতে চরম অনিয়ম-বিশৃঙ্খলাজনিত কারণে দীর্ঘ তদন্ত ও প্রক্রিয়া শেষে জাতীয় বোর্ড কর্তৃক ২০১৯ সালের জাতীয় সভাপতি(আইপিএনপি-২০২০) ও ২০১৯ সালের ন্যাশনাল সেক্রেটারি(২০২০ সালের এনভিপি)কে শাস্তিমূলক প্রাথমিক সদস্য পদ খারিজ করার যে সিদ্ধান্ত নেয়া হয়েছিলো সেই সিদ্ধান্তের বিরুদ্ধে এনভিপি ভুবন লাল ভারতীর ২০শে ফেব্রুয়ারি ২০২১ ইং তারিখের আপীলের শুনানী শেষে সম্মেলনের ডেলিগেটদের সিদ্ধান্তক্রমে আপীল খারিজ হয়ে যাওয়া এবং এনভিপি ও আইপিএনপি পদ দুটি শূন্য ঘোষণা হওয়া। আইপিএনপি পদটি যেহেতু " এক্স-অফিশিও" বা " পদাধিকার বলে" সেহেতু এই পদটি পূরণের বাধ্যবাধকতা নাই কিন্তু 'ন্যাশনাল ভাইস প্রেসিডেন্টের' শূন্য পদ পূরণ করা আবশ্যিক।

তৃতীয়ত: এপেক্স গঠনতন্ত্রের আর্টিকেল ১৬(১৮) ও আর্টিকেল-৮(৩) k অনুযায়ী শূন্য পদে জাতীয় বোর্ড নিয়োগ প্রদান করবে। এই ক্ষেত্রে ডেলিগেটরা সিদ্ধান্ত দেন যে, যেহেতু বিধিবদ্ধ নিয়মের ব্যত্যয় না ঘটলে এনভিপি পরবর্তী বছরের ' জাতীয় সভাপতি'র দায়িত্ব গ্রহণ করবেন সেহেতু এই পদটি মনোনয়ন পত্র আহবানের মাধ্যমে নির্বাচন/চূড়ান্তকরণ করা হবে। এই পদে একাধিক প্রার্থীতা জমা পড়লে, বাছাই কমিটি কর্তৃক একাধিক প্রার্থীর নমিনেশন ফরম বৈধ হলে জাতীয় বোর্ড কর্তৃক গঠিত একটি " ৩ সদস্যের নির্বাচন কমিশন" এপেক্স বাংলাদেশের কোন একটি জাতীয় প্রোগ্রামের সাথে সমন্বয় করে একটি সংক্ষিপ্ত সেশানে ক্লাবসমূহ হতে আগত ডেলিগেটদের ভোটের মাধ্যমে "এনভিপি" পদে নির্বাচন সম্পন্ন করবেন। তবে বৈধ প্রার্থীর সংখ্যা ১(এক)জন হলে ডেলিগেটদের ভোটের প্রয়োজন হবেনা।

National President

Apxn. Nizam Uddin Pintu

Syed & Brothers, Nishat plaza, Old bus stand Majidee Court, Noakhali.

Cell: 01711353197

nizamuddinpintu@gmail.com,

Apex Club of Noakhali.

National Secretary

Apxn. Habibur Rahman Chowdhury

5/2 Nahar Villa, H-59, Block-D, Level-6

North Banasree, Dhaka, Cell : 01711118324

hrfnt@gmail.com

Apex Club of Dhaka Metropolitan

National Treasurer

Apxn. Harun or Rashid

H-15, Road-4, Block-A, Section-1

Mirpur, Dhaka. Cell : 01818 122981

harun_bt@yahoo.com

Apex Club of Mirpur

